

ফরম-১৩

[বিধি ১২(১) দ্রষ্টব্য]

নিরাশ্রয় ব্যক্তির সরকারি আশ্রয়কেন্দ্রে আশ্রয় প্রদানের আবেদনপত্র

বরাবর,

বিশেষ ম্যাজিস্ট্রেট

.....।

বিষয়: সরকারি আশ্রয়কেন্দ্রে আশ্রয় প্রদানের আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি/জনাব/বেগম..... এলাকার একজন অস্থায়ী বাসিন্দা। আমার/তাহার স্থায়ী কোন ঠিকানা/রাত্রিধাপন করিবার মত সুনির্দিষ্ট কোন জায়গা এবং জীবিকা নির্বাহের কোন সুব্যবস্থা নাই। আমার/তাহার ভরণ-পোষণ এবং দেখাশুনা করিবার মত স্বচ্ছল আপনজন কেহ নাই। আমি/তিনি সরকার কর্তৃক কোন প্রকার ভাতা বা সাহায্য পাই/পান না। আমাকে/তাহাকে সরকারি আশ্রয়কেন্দ্রে রাখা হইলে আমি/তিনি প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী হইতে পারিব/পারিবে। নিম্নে আমার/তাহার সংক্ষিপ্ত তথ্যাবলী প্রদত্ত হইল:

- (১) নিরাশ্রয় ব্যক্তির নাম :
- (২) মাতা, পিতা ও স্বামী/স্ত্রীর (বিবাহিত হইলে) নাম : মাতা-.....
পিতা-.....
স্বামী/স্ত্রী-.....
- (৩) জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র নম্বর :
- (৪) বয়স/জন্ম তারিখ :
- (৫) লিঙ্গ :
- (৬) বৈবাহিক অবস্থা :
- (বিবাহিত/অবিবাহিত/বিধবা/স্বামী-স্ত্রী
পরিত্যক্ত/তালাকপ্রাপ্ত)
- (৭) সন্তানের সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে) :
- (৮) স্থায়ী ঠিকানা : গ্রাম:....., ডাকঘর:.....,
উপজেলা/থানা:....., জেলা:.....
- (৯) বর্তমান ঠিকানা : গ্রাম:....., ডাকঘর:.....,
উপজেলা/থানা:....., জেলা:.....
- (১০) টেলিফোন/মোবাইল-মেইল :
- (১১) রক্তের গ্রুপ :
- (১২) শারীরিক অবস্থার বর্ণনা :
- (১৩) মানসিক অবস্থার বর্ণনা :
- (১৪) শিক্ষাগত অবস্থা :
- (১৫) ইতোপূর্বে কোন পেশায় নিযুক্ত থাকিলে বা কোন :
- কাজ করিয়া থাকিলে পেশা/কাজের বর্ণনা

বর্ণিত অবস্থায়, আমাকে/তাহাকে সরকারি আশ্রয়কেন্দ্রে আশ্রয় দানের জন্য আদেশ প্রদানের নিমিত্ত মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা করিতেছি।

.....
(স্থান ও তারিখ)

আপনার একান্ত অনুগত/পক্ষ

.....
(আবেদনকারীর স্বাক্ষর)

[বি.দ্র: অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন]

ফরম-১৪

[বিধি ১২(২) দ্রষ্টব্য]

নিরাশ্রয় ব্যক্তিকে আশ্রয়কেন্দ্রে প্রেরণের আদেশ

যেহেতু, ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তি (পুনর্বাসন) আইন, ২০১১ এর ধারা ১১(১) এর অধীনে নিরাশ্রয় ব্যক্তি জনাব, পিতা/স্বামী.....
 মাতা...../এর পক্ষে জনাব/বেগম
 সরকারি আশ্রয়কেন্দ্রে আশ্রয় প্রদানের জন্য আবেদন করিয়াছেন এবং ব্যক্তিগত গুনানি গ্রহণপূর্বক উক্ত আবেদন যথাযথ বলিয়া প্রতীয়মান হইয়াছে;

সেহেতু, আমি উক্ত আইনের ধারা ১১(২) এ প্রদত্ত ক্ষমতাবলে উক্ত ব্যক্তিকে একজন নিরাশ্রয় ব্যক্তি বলিয়া ঘোষণা করিলাম এবং তাকে আশ্রয়কেন্দ্রে প্রেরণের জন্য প্রধান ব্যবস্থাপককে আদেশ প্রদান করিলাম।

২। বর্ণিত নিরাশ্রয় ব্যক্তি মহিলা হওয়ায় এবং তাহার সহিত বৎসর বয়সের সন্তান থাকিবার কারণে উক্ত শিশু সন্তানটিকেও তাহার সহিত হেফাজতে রাখিবার আদেশ প্রদান করিলাম। তবে সন্তানের বয়স ৭(সাত) উত্তীর্ণ হইবার সাথে সাথে প্রধান ব্যবস্থাপককে অবহিত করিয়া এবং এতদসংশ্লিষ্ট নথিতে বিষয়টি লিপিবদ্ধ করিয়া তাকে আশ্রয়কেন্দ্রের শিশু ওয়ার্ডে বা উক্ত কেন্দ্রের নির্ধারিত অন্য কোন ওয়ার্ডে অথবা সরকার, অধিদফতর বা আদালত কর্তৃক নির্দিষ্টকৃত অন্য কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে স্থানান্তর করিতে হইবে।

.....
 (তারিখ ও স্থান)

.....
 (বিশেষ ম্যাজিস্ট্রেট এর স্বাক্ষর)

[বি.দ্র.: অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন]

.....
 (তারিখ ও স্থান)

.....
 (বিশেষ ম্যাজিস্ট্রেট এর স্বাক্ষর)

[বি.দ্র.: অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন]

ফরম-১২

[বিধি ১১(৩)(খ) দ্রষ্টব্য]

ভবঘুরে ঘোষণা ও আশ্রয়কেন্দ্রে প্রেরণের আদেশ ফরম

ঘোষণা নম্বর:

তারিখ:

যেহেতু, ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তি (পুনর্বাসন) আইন, ২০১১ এর ধারা ১০ এর অধীন প্রাপ্ত তথ্য পর্যালোচনা করিয়া দেখা যাইতেছে যে, উক্ত আইনের ধারা ৯(১) এর অধীন আটককৃত এবং ধারা ৯(২) এর অধীন আমার সম্মুখে হাজিরকৃত জনাব/বেগম....., পিতা/স্বামী....., মাতা..... কে ভবঘুরে ঘোষণা করিবার মত পর্যাপ্ত কারণ বিদ্যমান রহিয়াছে এবং আমি আরও নিশ্চিত হইয়াছি যে, আটককৃত ব্যক্তি—

- (ক) এর থাকিবার কিংবা ঘুমাইবার জন্য সুনির্দিষ্ট কোন জায়গা নাই; বা
 (খ) একজন অভিভাবকহীন; বা
 (গ) উদ্দেশ্যহীনভাবে রাস্তায় ঘোরাফিরা করিয়া জনসাধারণকে বিরক্ত করেন।

সেহেতু, আমি উক্ত আইনের ধারা ১০(৩)(ক) তে প্রদত্ত ক্ষমতাবলে আটককৃত জনাব/বেগম কে একজন ভবঘুরে/নিরাশ্রয় ব্যক্তি বলিয়া ঘোষণা করিলাম এবং তাকে আশ্রয়কেন্দ্র তারিখ পর্যন্ত আটক রাখিবার নিমিত্ত..... অভ্যর্থনা কেন্দ্রের ব্যবস্থাপকের নিকট হস্তান্তর করিবার জন্য আদেশ প্রদান করিলাম।

২। আটককৃত ব্যক্তি মহিলা ভবঘুরে হওয়ায় এবং তাহার সহিত বৎসর বয়সের সন্তান থাকিবার কারণে উক্ত শিশু সন্তানটিকেও তাহার সহিত হেফাজতে রাখিবার জন্য আদেশ প্রদান করিলাম। তবে উক্ত সন্তানের বয়স ৭ (সাত) বৎসর উত্তীর্ণ হইবার সাথে সাথে প্রধান ব্যবস্থাপককে অবহিত করিয়া এবং এতদসংশ্লিষ্ট নথিতে বিষয়টি লিপিবদ্ধ করিয়া তাকে আশ্রয়কেন্দ্রের শিশু ওয়ার্ডে বা উক্ত কেন্দ্রের নির্ধারিত অন্য কোন ওয়ার্ডে অথবা সরকার, অধিদফতর বা আদালত কর্তৃক নির্দিষ্টকৃত অন্য কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে স্থানান্তর করিতে হইবে।

.....
(তারিখ ও স্থান).....
(বিশেষ ম্যাজিস্ট্রেট এর স্বাক্ষর)

[বিঃদ্র: অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন]